Minolta FINANCE LIMITED

CIN:L65921WB1993PLC057502
Corporate Office: Office No. 2, 2nd Floor, Plot No 36/A, Pushpa Park Daftary Road No.3, Opp. St. Joseph High School, Malad East, Mumbai - 400097
Email id: minoltafinance@gmail.com Website: www.minoltafinance.co.in Tel : 7977490705

September 21, 2026

To,

BSE Limited, Listing Department, Phirozejeebhoy Towers, Dalal Street- Fort, Mumbai- 400 001 **Scrip Code - 532164**	The Calcutta Stock Exchange Ltd. 7, Lyons Range, Kolkata-700001 **Scrip Code - 10023910**

Sub: Newspaper Advertisement regarding Corrigendum to the Notice of Annual General Meeting.

Dear Madam/Sir,

In compliance with Regulation 30 read with Schedule III Part A Para A and Regulation 47 of ("SEBI Listing Regulations") 2015, Please find enclosed copies of advertisement regarding **Corrigendum to the Notice of Annual General meeting** as Published in **"Ek Din" (Kolkata edition)** on September 20,2026

The same is also available on the Company's website viz.
www.minoltafinance.co.in

Request you to kindly take the same on record.

Thanking You

For **MINOLTA FINANCE LIMITED**

Arvind Jethalal Gala

Digitally signed by Arvind Jethalal Gala
DN: c=IN, o=Personal, pseudonym=rwlz3hvfmskp947Staei2dy8jcxog0b1, 2.5.4.20=4b3db1d8ff0375b1922e7b16d275e0dd0c0077b24daa38287abf61246d7ee187, postalCode=400097, st=Maharashtra, serialNumber=bdfc7d466fca914a3052363a66007c2f90b5f0883acf2f3ddade9ded99e70870, cn=Arvind Jethalal Gala
Date: 2026.09.21 13:54:51 +05'30'

Arvind Jethalal Gala
Director

ভুতনির বন্যা পরিস্থিতি পরিদর্শন ও প্রশাসনিক বৈঠক রাজ্যের পাঁচ মন্ত্রীর

নিজস্ব প্রতিবেদন, মালদা: ভুতনির বন্যা পরিস্থিতি পরিদর্শন ও প্রশাসনিক বৈঠক করলেন রাজ্যের পাঁচ মন্ত্রী। শনিবার মানিকচক বিধানসভার ভুতনিতে বন্যা পরিস্থিতি ও গঙ্গা ভাঙন এলাকা পরিদর্শনের উদ্দেশ্যে দিনব্যাপী কর্মসূচিতে অংশগ্রহণ করেন রাজ্যের মন্ত্রী ও প্রশাসনের কর্তারা। এদিন জলপথে পরিস্থিতি পরিদর্শনে ছিলেন রাজ্যের পর্যটনমন্ত্রী শঙ্কর ঘোষ, স্বাস্থ্য প্রতিমন্ত্রী সুমনা সরকার, সেচ প্রতিমন্ত্রী জোয়েল মুর্মু, দমকল দপ্তরের প্রতিমন্ত্রী কৌশিক চৌধুরী ও জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী অজয় পোদ্দার-সহ প্রশাসনের একাধিক আধিকারিক ও জনপ্রতিনিধিরা।

এদিন দুপুরে ভুতনি থানার উত্তর চন্ডিপুর গ্রাম পঞ্চায়েতের সূর্যাপুর ঘাট, পশ্চিম রতনপুর, কালুটানটোলা ও বসন্ততলা এলাকার ভাঙনপ্রবণ ও বন্যাকবলিত অঞ্চল লঞ্চে করে পরিদর্শন করা হয়। নদীবাঁধের ক্ষয়ক্ষতি ও বর্তমান পরিস্থিতি খতিয়ে দেখা হয়।

এরপর মথুরাপুর মডেল স্কুলের ত্রাণ শিবিরে গিয়ে রান্নাঘরের ব্যবস্থা, স্বাস্থ্য শিবির, আশ্রয়কেন্দ্র ও ত্রাণ ব্যবস্থার সার্বিক পরিস্থিতি পরিদর্শন করেন রাজ্যের মন্ত্রীরা। পাশাপাশি দুর্গত মানুষের সঙ্গেও কথা বলেন তাঁরা। পরে ভুতনি ব্রিজে ইন্টিগ্রেটেড কন্ট্রোল রুম, নৌকোয় ত্রাণ সামগ্রী পাঠানোর ব্যবস্থা, সেনাবাহিনী, চিকিৎসা পরিষেবা ও পুলিশ প্রশাসনের প্রস্তুতি পর্যালোচনা করা হয়।

দিনের শেষে মানিকচক ব্লক অফিসে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে বন্যা মোকাবিলা, ত্রাণ, উদ্ধার ও পুনর্বাসন সংক্রান্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ভুতনির মানুষের নিরাপত্তা, দ্রুত ত্রাণ ও প্রয়োজনীয় সহায়তা পৌঁছে দেওয়াই আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার। প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে এই দুর্যোগ মোকাবিলার বিষয়ে আলোচনা করা হয়।

ভুতনির পাশাপাশি এদিন এক ঝাঁক মন্ত্রী ও প্রশাসনের কর্তারা রতুয়া এক ব্লকের মহানন্দাটোলা, বিলাইমারি গ্রাম পঞ্চায়েত এলাকায় বন্যা পরিস্থিতিও লঞ্চে করে পরিদর্শন করেন। বন্যার জেরে এলাকার সাধারণ মানুষের কী পরিস্থিতি, কোথায় জল ঢুকেছে, যোগাযোগ ব্যবস্থা ও অন্যান্য পরিষেবা কতটা স্বাভাবিক রয়েছে এসব বিষয় সরেজমিনে খতিয়ে দেখেন উপস্থিত মন্ত্রীরা।

এদিন মন্ত্রী শঙ্কর ঘোষ তার সহকর্মীদের নিয়ে যখন বসন্তটোলা এবং চণ্ডীপুর এলাকায় বন্যাকবলিত মানুষদের সঙ্গে কথা বলতে যান। পর্যটন দপ্তরের মন্ত্রী শংকর ঘোষ বলেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নির্দেশেই মালদার ভুতনির বন্যা পরিস্থিতি পরিদর্শন করেছি। সাধারণ মানুষের সঙ্গে কথা বলেছি। এই বন্যায় যারা জলবন্দী রয়েছেন তাদের নিয়মিত ত্রাণসামগ্রী বিলি হচ্ছে কিনা, সেটাও খোঁজখবর নিয়ে দেখা হয়েছে। পড়ুয়াদের বই বিলির ব্যবস্থা করা হয়েছে। মহিলাদের জন্য স্যানিটারি প্যাডের বিলি করছে প্রশাসন। বন্যা পরিস্থিতিতে প্রশাসন সব ধরনের পদক্ষেপ করেছে।

মন্ত্রী শঙ্কর ঘোষ বলেন, 'এই ভুতনি এলাকায় আসার পর সাধারণ সাধারণ মানুষ ভাঙন ও বন্যা থেকে রেহাই পাওয়ার জন্য আমাদের কাছে অনুরোধ জানিয়েছেন। প্রশাসনের কর্তাদের সঙ্গে কথা বলে যতটুকু জানা গিয়েছে, এই এলাকার গঙ্গার অন্তত ২২ মিটার নিচ থেকে মাটি কাটছে। ফলে ওপরে বাঁধের কাজ করলে তা কখনওই সমাধান হবে না। এতটা গভীরে আগে গিয়েই গঙ্গার তলদেশের স্থায়ী ভাঙন সমাধানের কাজ করতে হবে। পুরো বিষয়টি পর্যবেক্ষণের পর যা রিপোর্ট হবে সমস্তটাই মুখ্যমন্ত্রীর কাছে আমরা পেশ করব।' এদিন বিকেলে মানিকচক ব্লক অফিসে জেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্তাদের সঙ্গেই বন্যা ও ভাঙন পরিস্থিতি নিয়ে উপস্থিত মন্ত্রীরা একটি প্রশাসনিক বৈঠক করেন।

হোটেলে তাণ্ডবে যুক্তদের রেয়াত নয়, বার্তা বিজেপির দুই বিধায়কের



নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: আরামবাগ থানা থেকে দু'-তিন মিনিট সময়ের দূরত্বে হারহিম করা ঘটনা। দুষ্কৃতী তাণ্ডব আরামবাগ শহরে। হোটেলের দরজা জানালা ও লোহার শাটার নামিয়ে দুষ্কৃতী তাণ্ডব চলে। পুরো লজ জুড়ে ভাঙচুর চলে। লজে থাকা যাত্রী ও ব্যবসায়ীরা আতঙ্কিত হয়ে পড়ে। ভয়ে কেউ মুখ খোলেনি। এবারের ঘটনা বাসুদেবপুর মোড়ের এক হোটেলের।

ঘটনার সূত্রপাত বিশ্বকর্মা পুজোর রাতে বন্ধুদের মধ্যে মদ খাওয়ার আসরে বচসা থেকে। এদিন সকাল দশটা নাগাদ ওই হোলের মালিক তথা সাহিত্যিক সুনীল চক্রবর্তীকে আরামবাগের বিজেপির একটি পার্টি অফিসে তুলে নিয়ে গিয়ে আটকে রেখে মারধর ও হেনস্তা করা হয় বলে অভিযোগ। যদিও এই বিষয়ে আরামবাগ থানায় শেষ খবর পাওয়া পযন্ত কোনও অভিযোগ জমা পড়েনি। তবে এই দুষ্কৃতী তাণ্ডবের প্রতিবাদ করেন পুড়শুড়ার বিজেপি বিধায়ক বিমান ঘোষ ও আরামবাগের বিজেপি বিধায়ক হেমন্ত বাগ।

প্রসঙ্গত, স্থানীয় মানুষের দাবি, সিপিএম ও তৃণমূলের আমলে এই রখম ভাবে প্রকাশ্য দিবালোকে দল বেঁধে ২০ থেকে ২৫ জন দুষ্কৃতী তাণ্ডবের ঘটনা কখনও ঘটেনি। একেবারে রঘু ডাকাতের স্টাইলে তাণ্ডব। এর সঙ্গে রাজনীতির কতটা যোগ আছে তা নিয়ে কেউ মুখ খোলেনি। তবে প্রশ্ন উঠছে বিজেপির একটি অংশ কেন একজন সম্মানীয় সাহিত্যিককে বিজেপির পার্টি অফিসে নিয়ে গিয়ে আটকে রেখে মারধর করা হল। তা হলে কি বিজেপির গোষ্ঠী দ্বন্দ্ব না বিজেপির একাংশ দুষ্কৃতীতের মদত দিচ্ছে। এই সব প্রশ্ন উঠছে। এই সমস্ত বিষয় নিয়ে পুড়শুড়ার বিজেপি বিধায়ক বিমান ঘোষ বলেন,'গতকাল রাত্রিবেলা বিশ্বকর্মা পুজোকে কেন্দ্র করে একটা ঘটনা ঘটে। এদিন সকালে ৪ তারিখের পর যারা বিজেপি হয়েছে তারা এই সব ঘটনা ঘটিয়েছে। তাদের কাউকে রেয়াত করা হবে না। আমরা পুলিশের সাথে কথা বলছি। যারা এই ঘটনার সঙ্গে যুক্ত তাদের ছাড়া হবে না।' আরামবাগের বিজেপি বিধায়ক হেমন্ত বাগও ঘটনার নিন্দা করেন ও আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার কথা বলেন। হোটেলের মালিক তথা সাহিত্যিক সুনীল চক্রবর্তী বলেন, পুজোর দিন রাতে খাওয়া দাওয়া নিয়ে একটা ঘটনা ঘটে। এদিন সকালে হোটেলে ভাঙচুর হয়। টোটো করে তুলে নিয়ে গিয়ে বিজেপির পার্টি অফিসে হেনস্তা করা হয়। দুই বিধায়ক বিমান ঘোষ ও হেমন্ত বাগের ওপর আস্থা আছে বলে জানান।

দামোদরে প্লাবনের টানে ইলিশ!

নিজস্ব প্রতিবেদন, খণ্ডঘোষ: বন্যা পরিস্থিতির মাঝেই পূর্ব বর্ধমানের খণ্ডঘোষে ঘটে গেল এক বিরল ও চমকপ্রদ ঘটনা। দামোদরের মিষ্টি জলে ধরা পড়ল তরতাজা রূপালী ইলিশ! সম্প্রতি ভারী বৃষ্টি ও ডিভিসির ছাড়া জলে দামোদরের নিম্ন অববাহিকার বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়েছে। আর সেই প্লাবনের জলের টানেই নদীপথে সোজা মিষ্টি জলে পথ হারিয়ে চলে এসেছে সমুদ্রের এই সুস্বাদু মাছ। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, খণ্ডঘোষ ব্লকের বেলডাঙ্গা মৌজা সংলগ্ন দামোদর নদ এলাকায় শুক্রবার সকালে প্রতিদিনের মতোই মাছ ধরতে গিয়েছিলেন স্থানীয় মৎস্যজীবী সনাতন সরকার। কিন্তু জাল গুটিয়ে তুলতেই চোখ কপালে ওঠার জোগাড়! জালে ছটফট করছে জ্যান্ত ইলিশ। একটি নয়, তাঁর জালে একসঙ্গে দুটি বড় মাপের ইলিশ উঠেছিল। তবে একটি মাছ জাল থেকে ছাড়ানোর সময় নদীর জলে পালিয়ে যেতে সক্ষম হলেও অন্য মাছটি ধরে ফেলতে সমর্থ হন তিনি।

কাটোয়ায় শুরু রেল ফ্লাইওভারের সার্ভে

নিজস্ব প্রতিবেদন, কাটোয়া: পূর্ব বর্ধমান জেলার কাটোয়া শহরের দীর্ঘদিনের পুঞ্জীভূত সমস্যা ও যানজট দূর করতে অবশেষে শুরু হল রেল ফ্লাইওভারের সমীক্ষার কাজ। শনিবার কাটোয়া শহরের অত্যন্ত গুরুত্বপূর্ণ রেলগেট সংলগ্ন এলাকায় রেল দপ্তর ও প্রশাসনিক আধিকারিকদের উপস্থিতিতে জোরকদমে শুরু হয় জমি জরিপ ও প্রাথমিক মাপজোপ। সরেজমিনে পুরো কাজ খতিয়ে দেখতে উপস্থিত ছিলেন স্থানীয় বিজেপি বিধায়ক কৃষ্ণ ঘোষ।

কাটোয়া শহরের প্রধান প্রবেশপথে অবস্থিত এই রেলগেট পেরিয়েই পৌঁছাতে হয় আদালত, বিডিও অফিস, ট্রেজারি, কলেজ, বিভিন্ন স্কুল ও গুরুত্বপূর্ণ ব্যবসায়িক কেন্দ্রগুলিতে। ফলে দিনের ব্যস্ত সময়ে ঘনঘন ট্রেন চলাচলের কারণে গেট পড়ে গিয়ে চরম ভোগান্তিতে পড়তে হয় সাধারণ মানুষকে। দীর্ঘক্ষণ যানজটে আটকে থাকে মুমূর্ষু রোগীবাহী অ্যাম্বুল্যান্স, স্কুল-কলেজের শিক্ষার্থী, নিত্যযাত্রী থেকে শুরু করে দূর-দূরান্ত থেকে আসা ব্যবসায়ীরা।

স্থানীয় বাসিন্দাদের বক্তব্য, বছরের পর বছর ধরে এই যন্ত্রণাদায়ক পরিস্থিতির স্থায়ী প্রতিবিধানের দাবি জানালেও এতদিন বাস্তবে কাজের কাজ কিছু হয়নি। নির্বাচন এলেই প্রতিশ্রুতি মিললেও শেষ পর্যন্ত ফ্লাইওভারের স্বপ্ন অধরাই থেকে গিয়েছিল। অবশেষে ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে দেওয়া প্রতিশ্রুতির বাস্তবায়নে এই জরিপ কাজ শুরু হওয়ায় নতুন করে আশা জাগছে কাটোয়াবাসীর মনে।

এদিন কাজের পর্যালোচনা করে কাটোয়ার বিধায়ক কৃষ্ণ ঘোষ জানান, কাটোয়াবাসীর দীর্ঘদিনের কষ্ট লাঘব করতে এই রেল ফ্লাইওভার গড়ে তোলা অত্যন্ত জরুরি। কেন্দ্রে ও রাজ্যে সমন্বয় রেখে ডবল ইঞ্জিন সরকারের মাধ্যমে দ্রুত এই প্রকল্প বাস্তবায়ন করে কাটোয়া ও আশেপাশের এলাকার মানুষকে উপহার দেওয়াই তাঁদের প্রধান লক্ষ্য। রেল আধিকারিকদের যৌথ পর্যবেক্ষণে এই মাপজোপের কাজ শুরু হতেই স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন স্থানীয় বাসিন্দা ও ব্যবসায়ী মহল। তবে জরিপ পর্ব শুরুর পর এখন কাটোয়াবাসীর একটাই প্রশ্ন; কাগজে-কলমে এই প্রাথমিক ধাপ পেরিয়ে মূল নির্মাণকাজ কবে থেকে পুরোদমে শুরু হবে এবং কবে মিলবে নিত্যদিনের যানজট থেকে চিরস্থায়ী মুক্তি? উত্তর পেতে এখন সময়ের দিকেই তাকিয়ে পুরো কাটোয়া শহর।

Chakdaha Municipality
Chakdaha, Nadia

Quotation Notice

Chakdaha Municipality invites quotations vide quotation No. **N.I.Q. No.: 02/One Mobile & Tab for Mid-Day-Meal Sec. / C.M/2026-2027, Dated:19/09/2026** for supplying Mobile & Tab. For further information, please visit **www.chakdahamunicipality.com**

Sd/-
Administrator
Chakdaha Municipality

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোবাইল ৯৩৩১০৫৯০৬০/ ৯০০৭২৯৯৩৫৩/৯৮৭৪০ ৯২২২০

KVB Karur Vysya Bank — Smart way to bank

দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লি.
দক্ষিণেশ্বর শাখা
৯ এসি সরকার রোড, আদ্যাপীঠের কাছে, দক্ষিণেশ্বর, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৭৬

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর [রুল ৮(১)]-এর অধীনে জারি করা

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী, **দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লিমিটেড** -এর অনুমোদিত অফিসার হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সেকেন্ড) অ্যাক্ট, ২০০২ (২০০২-এর ৫৪ নং অ্যাক্ট)-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-এর সাথে পঠিত সেকশন ১৩(১২)-এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে, গত **২৮.১০.২০২৫** তারিখে একটি দাবি নোটিশ জারি করেছিলেন এবং **১). মুন্সি হাসিবুল ইসলাম (ঋণগ্রহীতা)**, পিতা- প্রয়াত মুন্সি আবুল মাজেম, ৫৫/এ কেদার নাথ সিং রোড, ঘারীব নাওয়াজ প্লাজা পোঃ - আড়িয়াদহ, থানা বেলঘড়িয়া, কলকাতা-৭০০০৫৭, পশ্চিমবঙ্গ **২) শ্রীমতী শাহিদা বেগম (ঋণগ্রহীতা)** (স্বামী- মুন্সি হাসিবুল ইসলাম), ৫৫/এ, কে এন সিং রোড, ঘারীব নাওয়াজ প্লাজা, পোঃ - আড়িয়াদহ, থানা বেলঘড়িয়া, কলকাতা-৭০০০৫৭, পশ্চিমবঙ্গ-কে উক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নোটিশে উল্লিখিত পরিমাণ **১৪,১৪,৮২৭.২১ টাকা** (চোদ্দো লক্ষ চোদ্দো হাজার আটশো সাতাশ টাকা এবং একুশ পয়সা) এবং এর সাথে অতিরিক্ত সুদ পরিশোধ করার আহ্বান জানিয়েছিলেন।
ঋণগ্রহীতা উক্ত পরিমাণ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮-এর সাথে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন (৪)-এর অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ করে আজ **২০২৬ সালের সেপ্টেম্বর মাসের ১৬ তারিখে** নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষ করে ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা উক্ত সম্পত্তির সাথে কোনো লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তির সাথে কোনো লেনদেন হলে তা দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লিমিটেডের **১৪,১৪,৮২৭.২১ টাকা** (চোদ্দো লক্ষ চোদ্দো হাজার আটশো সাতাশ টাকা এবং একুশ পয়সা) এবং এর উপর সুদ, খরচ ও ব্যয়ের চার্জ সাপেক্ষে হবে।
সুরক্ষিত সম্পদগুলি পুনরুদ্ধার করার জন্য উপলব্ধ সময়ের বিষয়ে অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন (৮)-এর বিধানগুলির প্রতি ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

তফসিল-এ

১). ২য় ফ্লোরে দক্ষিণ-পশ্চিম দিকে অবস্থিত একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ২সি, যার মার্বেল মেঝে সহ সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি ৭১০ (সাতশো দশ) বর্গফুট, যা দুটি বেডরুম, একটি ডাইনিং কাম রান্নাঘর, একটি টয়লেট এবং একটি ব্যালকনি নিয়ে গঠিত, যার সাথে প্রেমিসেস নং ৪৬/২/এ/৩, এ.সি. ব্যানার্জী রোড, কলকাতা-৭০০০৫৭-এ নির্মিত উক্ত ভবনের জমির অবিভক্ত অবিভাজ্য আনুপাতিক অংশ সংযুক্ত, হোল্ডিং নং ৬৫, বর্তমান ওয়ার্ড নং ১৩-এর অধীনে, বেলঘড়িয়া থানার এখতিয়ারের মধ্যে, কামারহাটি মিউনিসিপ্যালিটির স্থানীয় সীমানার মধ্যে, এ.ডি.এস.আর.ও. কাশীপুর দমদম-এর অধীনে, উত্তর ২৪ পরগনা জেলায় অবস্থিত। এর সাথে ৩ (তিন) কাঠা ১ (এক) ছটাক ১৩ (তেরো) বর্গফুট কমবেশি পরিমাপের প্লট জমির উপর নির্মিত জি+২ তলা ভবনের অবিভক্ত অবিভাজ্য আনুপাতিক অংশ সংযুক্ত, যা মৌজা-আড়িয়াদহ-কামারহাটি, জে.এল. নং ১, আর.এস. নং ১২, তৌজি নং ১৭৩-এ অবস্থিত, দাগ নং ৫৭৩২ (অংশ), সি.এস. খতিয়ান নং ১৪৬৯, আর.এস. খতিয়ান নং ৩০৭৪-এর অন্তর্ভুক্ত, উক্ত জি+২ তলা ভবনের সমস্ত সাধারণ অধিকার, সুযোগ-সুবিধা সহ। ফ্ল্যাটটি শ্রী মুন্সি হাসিবুল ইসলাম এবং শ্রীমতী শাহিদা বেগমের নামে রয়েছে। সম্পত্তির সীমানা নিম্নরূপ :
উত্তরে : ব্রজ গোপাল এবং সুকুমার দে-এর সম্পত্তি — **দক্ষিণে :** ১০ ফুট চওড়া সাধারণ চলার পথ
পূর্বে : সুনীল দাস এবং প্রশান্ত রায়ের সম্পত্তি — **পশ্চিমে :** রাধা চন্দর এবং সুকুমার দেবের সম্পত্তি
(উপরে উল্লেখিত সম্পত্তিটি মেসার্স প্রেসিডেন্ট স্টোরস, প্রোপ্রাইটর শ্রী মুন্সি হাসিবুল ইসলামকে মঞ্জুর করা ক্যাশ ক্রেডিট ওপেন লোন -এর ক্রেডিট সুবিধার জন্যও চার্জ করা হয়েছে এবং সারফায়েশি অ্যাক্টের অধীনে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে)

স্থান : দক্ষিণেশ্বর
তারিখ : ১৬.০৯.২০২৬
অনুমোদিত অফিসার
দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লিমিটেড

KVB Karur Vysya Bank — Smart way to bank

দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লি.
দক্ষিণেশ্বর শাখা
৯ এসি সরকার রোড, আদ্যাপীঠের কাছে, দক্ষিণেশ্বর, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৭৬

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর [রুল ৮(১)]-এর অধীনে জারি করা

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী, **দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লিমিটেড** -এর অনুমোদিত অফিসার হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সেকেন্ড) অ্যাক্ট, ২০০২ (২০০২-এর ৫৪ নং অ্যাক্ট)-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-এর সাথে পঠিত সেকশন ১৩(১২)-এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে, গত **২৮.১০.২০২৫** তারিখে একটি ডিমান্ড নোটিশ জারি করেছিলেন এবং **১). মেসার্স প্রেসিডেন্ট স্টোরস,** প্রোপ্রাইটর **শ্রী মুন্সি হাসিবুল ইসলাম (ঋণগ্রহীতা)**, পিতা- প্রয়াত মুন্সি আবুল মাজেম, ৫৫/এ, কেদার নাথ সিং রোড, ঘারীব নাওয়াজ প্লাজা, পোঃ - আড়িয়াদহ, থানা বেলঘড়িয়া, কলকাতা-৭০০০৫৭, পশ্চিমবঙ্গ এবং ঠিকানা- **শ্রী মুন্সি হাসিবুল ইসলাম,** ফ্ল্যাট নং ২-সি, ২য় ফ্লোর, তারা মা অ্যাপার্টমেন্ট, প্রেমিসেস নং ৪৬/২/এ/৩, এ সি ব্যানার্জী রোড, আড়িয়াদহ, থানা বেলঘড়িয়া, জেলা উত্তর ২৪ পরগনা, পিন কোড ৭০০০৫৭ পশ্চিমবঙ্গ, **২) শ্রীমতী শাহিদা বেগম (জামিনদাতা)** (স্বামী- মুন্সি হাসিবুল ইসলাম), ৫৫/এ, কে এন সিং রোড, ঘারীব নাওয়াজ প্লাজা, পোঃ - আড়িয়াদহ, থানা বেলঘড়িয়া, কলকাতা-৭০০০৫৭, পশ্চিমবঙ্গ **এবং ঠিকানা,** ফ্ল্যাট নং ২-সি, ২য় ফ্লোর, তারা মা অ্যাপার্টমেন্ট, প্রেমিসেস নং ৪৬/২/এ/৩, এ সি ব্যানার্জী রোড, আড়িয়াদহ, থানা বেলঘড়িয়া, জেলা উত্তর ২৪ পরগনা, পিন কোড ৭০০০৫৭ পশ্চিমবঙ্গ-কে উক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নোটিশে উল্লিখিত পরিমাণ **৩৩,০১,১৮৩.৪৫ টাকা** (তেত্রিশ লক্ষ এক হাজার একশো তিরাশি টাকা এবং পঁয়তাল্লিশ পয়সা) এবং এর সাথে অতিরিক্ত সুদ পরিশোধ করার আহ্বান জানিয়েছিলেন।
ঋণগ্রহীতা উক্ত পরিমাণ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮-এর সাথে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন (৪)-এর অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ করে আজ **২০২৬ সালের সেপ্টেম্বর মাসের ১৬ তারিখে** নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষ করে ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা উক্ত সম্পত্তির সাথে কোনো লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তির সাথে কোনো লেনদেন হলে তা দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লিমিটেডের **৩৩,০১,১৮৩.৪৫ টাকা** (তেত্রিশ লক্ষ এক হাজার একশো তিরাশি টাকা এবং পঁয়তাল্লিশ পয়সা) এবং এর উপর সুদ, খরচ ও ব্যয়ের চার্জ সাপেক্ষে হবে।
সুরক্ষিত সম্পদগুলি পুনরুদ্ধার করার জন্য উপলব্ধ সময়ের বিষয়ে অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন (৮)-এর বিধানগুলির প্রতি ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

১). একটি স্বয়ংসম্পূর্ণ দোকান ঘর, যার সাথে উক্ত দোকান দ্বারা উপস্থাপিত জমির অবিভক্ত ও অবিভাজ্য আনুপাতিক অংশ সংযুক্ত, যা বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত ৪ নং দোকান হিসেবে চিহ্নিত, যার সুপার বিল্ট আপ এরিয়া সহ পরিমাপ কমবেশি ৯৬ বর্গফুট, যা মৌজা- আড়িয়াদহ-কামারহাটি, ৫৫, কেদার নাথ সিংহ রোডে অবস্থিত, যা কামারহাটি মিউনিসিপ্যালিটির ৮ নম্বর ওয়ার্ডের অধীনে মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১১৩৭, থানা বেলঘড়িয়া, জেলা উত্তর ২৪ পরগনার অন্তর্গত। দোকানের জিনিসপত্র লোড এবং আনলোড করার জন্য দোকানের সামনে দোকানের পাশে ৪ ফুট চওড়া সাধারণ প্যাসেজ ব্যবহারের নিরঙ্কুশ অধিকার সহ। উক্ত দোকানটি কমবেশি ২ (দুই) কাঠা ১২ (বারো) ছটাক এবং ২৫ (পঁচিশ) বর্গফুট পরিমাপের একটি প্লট জমির উপর নির্মিত, যা মৌজা আড়িয়াদহ কামারহাটি, জে.এল. নং ১, আর.এস. নং ১২, উত্তর ২৪ পরগনার কালেক্টরের তৌজি নং ১৭৩-এ অবস্থিত, যা সি.এস. দাগ নং ৩১৭৩, ৩১৭৪, খতিয়ান নং ৭১৫৪, ৭৬০-এর অন্তর্ভুক্ত, কামারহাটি মিউনিসিপ্যালিটির এখতিয়ারের মধ্যে, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১১৩৭, ৮ নম্বর ওয়ার্ড, থানা বেলঘড়িয়া, উত্তর ২৪ পরগনার অধীনে। সম্পত্তিটি মুন্সি হাসিবুল ইসলামের নামে রয়েছে এবং জমির সীমানা নিম্নরূপ :
উত্তরে : অসীম মৈত্রের বাড়ি — **দক্ষিণে :** মিউনিসিপ্যাল রাস্তা, অর্থাৎ কেদার নাথ সিংহ রোড
পূর্বে : মারোয়ারিলালের জমি — **পশ্চিমে :** কেদার নাথ সিংহ রোড
২). একটি স্বয়ংসম্পূর্ণ দোকান ঘর, যার সাথে উক্ত দোকান দ্বারা উপস্থাপিত জমির অবিভক্ত ও অবিভাজ্য আনুপাতিক অংশ সংযুক্ত, যা বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত ১ নং দোকান হিসেবে চিহ্নিত, যার সুপার বিল্ট আপ এরিয়া সহ পরিমাপ কমবেশি ১২০ বর্গফুট, যা মৌজা- আড়িয়াদহ-কামারহাটি, ৫৫, কেদার নাথ সিংহ রোডে অবস্থিত, যা কামারহাটি মিউনিসিপ্যালিটির ৮ নম্বর ওয়ার্ডের অধীনে মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১১৩৭, থানা বেলঘড়িয়া, জেলা উত্তর ২৪ পরগনার অন্তর্গত। দোকানের জিনিসপত্র লোড এবং আনলোড করার জন্য দোকানের সামনে দোকানের পাশে ৪ ফুট চওড়া সাধারণ প্যাসেজ ব্যবহারের নিরঙ্কুশ অধিকার সহ। উক্ত দোকানটি কমবেশি ২ (দুই) কাঠা ১২ (বারো) ছটাক এবং ২৫ (পঁচিশ) বর্গফুট পরিমাপের একটি প্লট জমির উপর নির্মিত, যা মৌজা আড়িয়াদহ - কামারহাটি, জে.এল. নং ১, আর.এস. নং ১২, উত্তর ২৪ পরগনার কালেক্টরের তৌজি নং ১৭৩-এ অবস্থিত, যা সি.এস. দাগ নং ৩১৭৩, ৩১৭৪, খতিয়ান নং ৭১৫৪, ৭৬০-এর অন্তর্ভুক্ত, কামারহাটি মিউনিসিপ্যালিটির এখতিয়ারের মধ্যে, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১১৩৭, ৮ নম্বর ওয়ার্ড, থানা বেলঘড়িয়া, উত্তর ২৪ পরগনার অধীনে। সম্পত্তিটি মুন্সি হাসিবুল ইসলামের নামে রয়েছে এবং এর সীমানা নিম্নরূপ :
উত্তরে : অসীম মৈত্রের বাড়ি — **দক্ষিণে :** মিউনিসিপ্যাল রাস্তা, অর্থাৎ কেদার নাথ সিংহ রোড
পূর্বে : মারোয়ারিলালের জমি — **পশ্চিমে :** কেদার নাথ সিংহ রোড

তফসিল-বি

১). ২য় ফ্লোরে দক্ষিণ-পশ্চিম দিকে অবস্থিত একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ২সি, যার মার্বেল মেঝে সহ সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি ৭১০ (সাতশো দশ) বর্গফুট, যা দুটি বেডরুম, একটি ডাইনিং কাম রান্নাঘর, একটি টয়লেট এবং একটি ব্যালকনি নিয়ে গঠিত, যার সাথে প্রেমিসেস নং ৪৬/২/এ/৩, এ.সি. ব্যানার্জী রোড, কলকাতা-৭০০০৫৭-এ নির্মিত উক্ত ভবনের জমির অবিভক্ত অবিভাজ্য আনুপাতিক অংশ সংযুক্ত, হোল্ডিং নং ৬৫, বর্তমান ওয়ার্ড নং ১৩-এর অধীনে, বেলঘড়িয়া থানার এখতিয়ারের মধ্যে, কামারহাটি মিউনিসিপ্যালিটির স্থানীয় সীমানার মধ্যে, এ.ডি.এস.আর.ও. কাশীপুর দমদম-এর অধীনে, উত্তর ২৪ পরগনা জেলায় অবস্থিত। এর সাথে ৩ (তিন) কাঠা ১ (এক) ছটাক ১৩ (তেরো) বর্গফুট কমবেশি পরিমাপের প্লট জমির উপর নির্মিত জি+২ তলা ভবনের অবিভক্ত অবিভাজ্য আনুপাতিক অংশ সংযুক্ত, যা মৌজা-আড়িয়াদহ-কামারহাটি, জে.এল. নং ১, আর.এস. নং ১২, তৌজি নং ১৭৩-এ অবস্থিত, দাগ নং ৫৭৩২ (অংশ), সি.এস. খতিয়ান নং ১৪৬৯, আর.এস. খতিয়ান নং ৩০৭৪-এর অন্তর্ভুক্ত, উক্ত জি+২ তলা ভবনের সমস্ত সাধারণ অধিকার, সুযোগ-সুবিধা সহ। ফ্ল্যাটটি শ্রী মুন্সি হাসিবুল ইসলাম এবং শ্রীমতী শাহিদা বেগমের নামে রয়েছে। সম্পত্তির সীমানা নিম্নরূপ :
উত্তরে : ব্রজ গোপাল এবং সুকুমার দে-এর সম্পত্তি — **দক্ষিণে :** ১০ ফুট চওড়া সাধারণ চলার পথ
পূর্বে : সুনীল দাস এবং প্রশান্ত রায়ের সম্পত্তি — **পশ্চিমে :** রাধা চন্দর এবং সুকুমার দেবের সম্পত্তি
(উপরে উল্লেখিত সম্পত্তিটি শ্রী মুন্সি হাসিবুল ইসলাম এবং শ্রীমতী শাহিদা বেগমকে মঞ্জুর করা হাউজিং লোনের (হ্যাপি লোন) ক্রেডিট সুবিধার জন্যও চার্জ করা হয়েছে এবং সারফায়েশি অ্যাক্টের অধীনে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে)

স্থান : দক্ষিণেশ্বর
তারিখ : ১৬.০৯.২০২৬
অনুমোদিত অফিসার
দ্য কারুর বৈশ্য ব্যাঙ্ক লিমিটেড

বৈঁক আঁফ় ইংডিয়া / Bank of India BOI
Relationship beyond Banking
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
বারাসাত জোনাল অফিস
এস্টেট অ্যান্ড প্রেমিসেস ডিপার্টমেন্ট
৩য় তল, ডিডি-২, সল্টলেক, সেক্টর- ১, কলকাতা- ৭০০০৬৪, টেলি- ০৩৩-২৩৩৭০০১৫

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, নিউ টাউন (অ্যাকশন এরিয়া ৩) শাখার জন্য নতুন প্রেমিসেস প্রয়োজন

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, বারাসাত অঞ্চল দীর্ঘমেয়াদি ইজারারভিত্তিতে নতুন প্রেমিসেসের জন্য উত্তর ২৪ পরগনা জেলার নিউ টাউন (অ্যাকশন এরিয়া ৩) শাখার প্রস্তাব আহ্বান করছে। বিশদ বিজ্ঞপ্তি আমাদের ওয়েবসাইটে www.bankofindia.bank.in উপলব্ধ। দরখাস্ত জমার শেষ তারিখ **০৬.১০.২০২৬, দিবা ৩ ঘটিকা পর্যন্ত। যে কোনও সংশোধনী/ সংযোজনী/ বিজ্ঞপ্তি কেবলমাত্র উক্ত ওয়েবসাইটে প্রকাশিত হবে।**
তারিখ: ২০.০৯.২০২৬
(জোনাল ম্যানেজার)
বারাসাত অঞ্চল

নিয়োগ বিজ্ঞপ্তি
ন্যাশনাল ইনস্টিটিউট অফ ফিল্ম অ্যান্ড ফাইন আর্টস (NIFFA)
(প্রস্তাবিত MAKAUT ডিগ্রি কলেজ)
Knowledge City D.H Road,Vill- Hayatnagar Rajarhat, P.O- Shirakole, P.S- Usthi, Dist- South 25 Paganas, West Bengal, Pin- 743513.
প্রস্তাবিত B.Sc. Media Science ও B.Sc. Film & TV কোর্সের জন্য আবেদন গৃহীত হচ্ছে:
প্রিন্সিপাল (১) — UGC/MAKAUT নিয়ম অনুযায়ী Mass Comm/Film Studies-এ স্নাতকোত্তরসহ Ph.D.। বিশ্ববিদ্যালয় অবসরপ্রাপ্ত HOD/অধ্যাপকদের অগ্রাধিকার।
অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (৩) — Media Science/Film & TV/Mass Comm-এ স্নাতকোত্তর ও কাজের অভিজ্ঞতা। NET/Ph.D. অগ্রাধিকারযোগ্য।
নথিপত্রসহ CV ১৫ দিনের মধ্যে ইমেল করুন: niffa.org@gmail.com
9231677336

Minolta

মিনোল্টা ফাইন্যান্স লিমিটেড

CIN : L65921WB1993PLC057502

কর্পোরেট অফিস : অফিস নং ২ প্লট নং ৩৬, পুষ্পা পার্ক দপ্তরি রোড নং ৩, সেন্ট জোসেফ হাই স্কুলের বিপরীতে, মালাড ইস্ট, মুম্বই, ভারত, ৪০০০৯৭
ইমেল আইডি : minoltafinance@gmail.com | **ওয়েবসাইট :** www.minoltafinance.co.in | **টেলিফোন :** ০২২ ৪০৭৫১৫০৪

৩৪তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তির সংশোধনী

এই সংশোধনীটি **মিনোল্টা ফাইন্যান্স লিমিটেড** ("কোম্পানি") কর্তৃক কোম্পানির শেয়ারহোল্ডারদের বার্ষিক সাধারণ সভা ("এজিএম") ভিডিও কনফারেন্সিং এবং অডিও ভিজ্যুয়াল **মাধ্যমের** দ্বারা আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সকাল ১১.০০ টায় (আইএসটি) আহ্বানের বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় জারি করা হচ্ছে।

এই সংশোধনীটি কোম্পানির ওয়েবসাইটে উপলব্ধ ৮ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের এজিএম-এর বিজ্ঞপ্তির সাথে একত্রে পড়তে হবে।

কর্পোরেট বিষয়ক মন্ত্রক কর্তৃক জারিকৃত সাধারণ সার্কুলার নং ১৪/২০২০ (৮ এপ্রিল, ২০২০), ১৭/২০২০ (১৩ এপ্রিল, ২০২০), ২০/২০২০ (৫ মে, ২০২০) এবং এই বিষয়ে জারিকৃত পরবর্তী সার্কুলারসমূহ, যার মধ্যে সর্বশেষটি হলো ০৯/২০২৩ (২৫ সেপ্টেম্বর, ২০২৩), এবং সেবি কর্তৃক জারিকৃত ৭ অক্টোবর, ২০২৩ তারিখের সার্কুলার নং SEBI/HO/CFD/CFD-PoD-2/P/CIR/2023/167 অনুসারে, বিজ্ঞপ্তির এই সংশোধনীটি ইলেকট্রনিক মাধ্যমে সেই সমস্ত সদস্যদের কাছে পাঠানো হচ্ছে যাদের ইমেল ঠিকানাগুলি কোম্পানি/এর রেজিস্ট্রার/ডিপোজিটরিগুলির কাছে নিবন্ধিত রয়েছে। সদস্যরা অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, এই ই-মেইলের সাথে সংযুক্ত বিজ্ঞপ্তির সংশোধনীটি কোম্পানির ওয়েবসাইট https: www.minolta.co.in-এ আপলোড করা হয়েছে এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট, বিএসই লিমিটেড-এর www.bseindia.com এবং সিএসই লিমিটেড-এর www.cseindia.com থেকেও এটি অ্যাক্সেস করা যেতে পারে।

আপনাদের এতদ্বারা জানানো হচ্ছে যে, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সকাল ১১.০০ টায় (আইএসটি) অনুষ্ঠিত হতে যাওয়া বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে একটি সংযোজন করা হয়েছে। বিজ্ঞপ্তি পাঠানোর পর দেখা গেছে যে, '**নন-এক্সিকিউটিভ ডিরেক্টর থেকে এক্সিকিউটিভ ডিরেক্টর** হিসেবে **শ্রীমতি কুঞ্জল গালা**-র পদবি পরিবর্তনের জন্য এজেন্ডা আইটেম ৫,' অসাবধানতাবশত এবং ভুলবশত উক্ত বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত করা হয়নি।

নিম্নোক্তভাবে উপরোক্ত এজিএম-এর বিজ্ঞপ্তি সংশোধন করার জন্য এই সংশোধনীটি জারি করা হচ্ছে :

১. এজিএম-এর বিজ্ঞপ্তির আইটেম নং ৫-এ নিম্নলিখিত রেজোলিউশনটি যোগ করা হয়েছে।

২. এজিএম-এর বিজ্ঞপ্তির আইটেম নং ৫-এর জন্য নিম্নলিখিত ব্যাখ্যামূলক বিবৃতি যোগ করা হয়েছে।

বিশেষ কার্যাবলী :

আইটেম নং ৫ কোম্পানির নন-এক্সিকিউটিভ ডিরেক্টর থেকে এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে শ্রীমতি কুঞ্জল গালা-র (DIN : 02413184) পদবি পরিবর্তনের অনুমোদন

বিবেচনা করা এবং, উপযুক্ত মনে হলে, পরিমার্জন(সমূহ) সহ বা ব্যতীত, নিম্নলিখিত রেজোলিউশনটি বিশেষ রেজোলিউশন হিসেবে পাস করা -

"**এতদ্বারা সিদ্ধান্ত গৃহীত হলো যে :** কোম্পানি আইন, ২০১৩ ('আইন')-এর সিডিউল V এবং কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ (আপাতত বলবৎ থাকা এর কোনো বিধিবদ্ধ পরিবর্তন বা পুনঃপ্রণয়ন সহ)-এর সাথে পঠিত ধারা ১৯৬, ১৯৭, ১৯৮, ২০৩ এবং অন্যান্য প্রযোজ্য বিধান, যদি থাকে, এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর প্রযোজ্য বিধানসমূহ, কোম্পানির সংঘবিধি-এর প্রাসঙ্গিক বিধানসমূহ অনুসারে এবং নমিনেশন অ্যান্ড রেমুনারেশন কমিটি ও কোম্পানির পরিচালনা পর্ষদের সুপারিশের ভিত্তিতে, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ থেকে ২৯ সেপ্টেম্বর, ২০৩১ পর্যন্ত (উভয় দিন অন্তর্ভুক্ত) ৫ বছরের জন্য কোম্পানির নন-এক্সিকিউটিভ ডিরেক্টর থেকে এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে শ্রীমতি কুঞ্জল গালা-র (DIN : 02413184) পদবি পরিবর্তনের বিষয়ে এতদ্বারা সদস্যদের সম্মতি প্রদান করা হলো, যিনি রোটেশন অনুযায়ী অবসর গ্রহণ করতে বাধ্য থাকবেন এবং নিয়োগের শর্তাবলী মেনে পদে অধিষ্ঠিত থাকবেন, যার মধ্যে নিচে উল্লেখিত পারিশ্রমিক প্রদান অন্তর্ভুক্ত রয়েছে।

এতদ্বারা আরও সিদ্ধান্ত গৃহীত হলো যে : কোম্পানির পরিচালনা পর্ষদকে (এর কোনো কমিটি এবং/বা কোম্পানি সেক্রেটারি সহ) এই রেজোলিউশনটি কার্যকর করার জন্য প্রয়োজনীয়, যথাযথ বা সমীচীন হতে পারে এমন সমস্ত কাজ, দলিল, বিষয় এবং কার্যাবলী সম্পাদন করার এবং এই ধরনের সমস্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।"

ব্যাখ্যামূলক বিবৃতি :

আইটেম নং ৫ কোম্পানির নন-এক্সিকিউটিভ ডিরেক্টর থেকে এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে শ্রীমতি কুঞ্জল গালা-র (DIN : 02413184) পদবি পরিবর্তনের অনুমোদন।

সদস্যদের জানানো হচ্ছে যে, শ্রীমতি কুঞ্জল গালা (DIN : 02413184) বর্তমানে কোম্পানির নন-এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে মনোনীত রয়েছেন।

শ্রীমতি কুঞ্জল গালা বর্তমানে কোম্পানির নন-এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে কাজ করছেন। কোম্পানির কার্যাবলীতে তার অভিজ্ঞতা, জ্ঞান এবং অবদানের কথা বিবেচনা করে, নমিনেশন অ্যান্ড রেমুনারেশন কমিটির সুপারিশের ভিত্তিতে পরিচালনা পর্ষদ, সদস্যদের অনুমোদন এবং প্রযোজ্য আইনের সম্মতি সাপেক্ষে, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ থেকে কোম্পানির নন-এক্সিকিউটিভ ডিরেক্টর থেকে এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে তার নিয়োগ এবং পদবি পরিবর্তনের প্রস্তাব করেছে।

প্রস্তাবিত পদবি পরিবর্তনের উদ্দেশ্য হলো শ্রীমতি কুঞ্জল গালাকে কোম্পানির দৈনন্দিন পরিচালনা এবং নির্বাহী কার্যাবলীতে আরও সক্রিয় ভূমিকা নিতে এবং এর বৃদ্ধি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করা।

কোম্পানি শ্রীমতি কুঞ্জল গালার কাছ থেকে প্রয়োজনীয় সম্মতি এবং ঘোষণাপত্র পেয়েছে, যার মধ্যে কোম্পানি আইন, ২০১৩-এর অধীনে ডিরেক্টর হিসেবে নিযুক্ত হওয়ার ক্ষেত্রে তার অযোগ্য না হওয়ার বিষয়টিও নিশ্চিত করা হয়েছে। কোম্পানি এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে কাজ করার জন্য তার সম্মতিও পেয়েছে।

পারিশ্রমিক, ক্ষমতা এবং দায়িত্ব সহ তার নিয়োগের শর্তাবলী কোম্পানি আইন, ২০১৩-এর সিডিউল V-এর সাথে পঠিত ধারা ১৯৬, ১৯৭, ১৯৮ এবং ২০৩ সহ প্রযোজ্য বিধানসমূহ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর প্রযোজ্য বিধানসমূহ দ্বারা পরিচালিত হবে।

নিযুক্ত ব্যক্তি শ্রীমতি কুঞ্জল গালা এবং তার আত্মীয়স্বজন ব্যতীত, কোম্পানির কোনো ডিরেক্টর, কি-ম্যানেজেরিয়াল পার্সোনেল বা তাদের নিজ নিজ আত্মীয়স্বজন প্রস্তাবিত রেজোলিউশনের সাথে আর্থিকভাবে বা অন্য কোনোভাবে সম্পর্কিত বা আগ্রহী নয়।

বোর্ড প্রস্তাবিত রেজোলিউশনটিকে বিশেষ রেজোলিউশন হিসেবে পাস করার সুপারিশ করেছে।

সেবি এলওডিআর রেগুলেশনস-এর প্রবিধান ৩৬(৩) এবং সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড-২ অনুসারে শ্রীমতি কুঞ্জল গালার প্রয়োজনীয় বিবরণ এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হয়েছে।

সেবি এলওডিআর রেগুলেশনস, ২০১৫-এর প্রবিধান ৩৬(৩) এবং সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড-২ অনুসারে ডিরেক্টরের বিবরণ :

ডিরেক্টরের নাম	শ্রীমতি কুঞ্জল অরবিন্দ গালা
ডিরেক্টর আইডেন্টিফিকেশন নম্বর	০২৪১৩১৮৪
পরিবর্তনের কারণ অর্থাৎ নিয়োগ	কোম্পানির এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে নিয়োগ।
নিয়োগের তারিখ ও মেয়াদ	৫ বছর
সংক্ষিপ্ত প্রোফাইল	শ্রীমতি কুঞ্জল গালা (বয়স ৪৫) হলেন স্টক ব্রোকিং, আর্থিক পরিষেবা এবং মূলধন বাজারে ২১ বছরেরও বেশি অভিজ্ঞতাসম্পন্ন একজন অত্যন্ত দক্ষ প্রফেশনাল। তিনি ২০০২ সালে মুম্বই বিশ্ববিদ্যালয় থেকে ব্যাচেলর অফ কমার্স (বি.কম) সম্পন্ন করেন। শ্রীমতি গালা টাটা এআইএ লাইফ ইন্স্যুরেন্স-এর সাথে একজন বীমা এজেন্ট হিসেবে কাজ করছেন, যেখানে তিনি গ্রাহকদের উপযোগী বীমা সমাধান অফার করার জন্য আর্থিক পণ্য এবং গ্রাহক পরিষেবা দক্ষতার বিষয়ে তার গভীর জ্ঞান কাজে লাগান। তিনি শীর্ষস্থানীয় স্টক ব্রোকিং ফার্ম ইনভেঞ্চার গ্রোথ অ্যান্ড সিকিউরিটিজ লিমিটেড-এর একজন অথরাইজড পার্সনও বটে। শ্রীমতি গালা বর্তমানে দুটি কোম্পানি এবং একটি লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ (LLP)-এ ডিরেক্টরশিপ পদে অধিষ্ঠিত রয়েছেন, যেখানে তিনি কৌশলগত সিদ্ধান্ত গ্রহণ এবং অপারেশনাল তদারকিতে মুখ্য ভূমিকা পালন করেন। বাজারের গতিশীলতা এবং আর্থিক উপকরণগুলি সম্পর্কে তার গভীর বোঝাপড়া তাকে কার্যকরভাবে বৃদ্ধি চালনা করতে এবং তার সংস্থাগুলির মধ্যে পরিষেবা অফারগুলিকে উন্নত করতে সক্ষম করে।
ডিরেক্টরদের মধ্যে আন্তঃসম্পর্ক প্রকাশ	কোম্পানির নন-এক্সিকিউটিভ নন-ইন্ডিপেনডেন্ট ডিরেক্টর শ্রী অরবিন্দ গালা-র স্ত্রী।
অন্য কোম্পানিতে থাকা ডিরেক্টরশিপের প্রকাশ	কোম্পানির নাম : **অনুপম স্টক ব্রোকিং প্রাইভেট লিমিটেড** CIN : U67120MH2000PTC126453 পদবি : ডিরেক্টর কোম্পানির নাম : **ধৈর্য্য ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড** CIN : U74140MH2008PTC189107 পদবি : ডিরেক্টর কোম্পানির নাম : **ধৈর্য্য কর্পোরেট অ্যাডভাইজরি সার্ভিসেস এলএলপি** LLPIN : AAE-6029 পদবি : ডেজিগনেটেড পার্টনার
নিজের দ্বারা অথবা অন্য কোনো ব্যক্তির জন্য বেনিফিসিয়াল ভিত্তিতে কোম্পানির শেয়ারহোল্ডিং	০.০৪১৪৩৮ শতাংশ
ঘোষণাপত্র	১৪ জুন, ২০১৮ তারিখের স্টক এক্সচেঞ্জগুলিকে দেওয়া সেবি-এর নির্দেশাবলী অনুসারে, আমরা নিশ্চিত করছি যে কোনো সেবি আদেশ বা অন্য কোনো কর্তৃপক্ষের আদেশের বলে শ্রীমতি কুঞ্জল অরবিন্দ গালাকে মিনোল্টা ফাইন্যান্স লিমিটেড-এর ডিরেক্টর পদে অধিষ্ঠিত হতে নিষেধ করা হয়নি।

ডিরেক্টর বোর্ডের আদেশক্রমে
মিনোল্টা ফাইন্যান্স লিমিটেড-এর পক্ষে
স্বা/-
গৌরব খান্ডেলওয়াল
কোম্পানি সেক্রেটারি

স্থান : মুম্বই
তারিখ : ১৮ সেপ্টেম্বর, ২০২৬